

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

জনসংযোগ উপ-বিভাগ, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা

ই-মেইল: <u>pro@bhbfc.gov.bd</u>

প্রেস বিজ্ঞপ্তি

বিএইচবিএফসি কর্তৃক জাতির পিতা বঞ্চাবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন।



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) যথাযোগ্য মর্যাদা, আনন্দ, শ্রদ্ধা ও ভালবাসার মধ্যদিয়ে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঞ্চাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালন করে। বিএইচবিএফসি'র চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ সেলিম উদ্দিন, এফসিএ,এফসিএমএ এবং ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আফজাল করিম এর নেতৃত্বে কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ৩২ নম্বর ধানমন্ডিস্থ জাতির জনক বঞ্চাবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন।

দিনের শুরুতে বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে বেলুন ও পায়রা উড়িয়ে বিএইচবিএফসি কর্তৃক গৃহীত ১০ দিনব্যাপী বিভিন্ন কর্মসূচির শুভ উদ্বোধন ঘোষণা করেন বিএইচবিএফসি'র চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ সেলিম উদ্দিন, এফসিএ,এফসিএমএ। এ সময় বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আফজাল করিম, সম্মানিত পরিচালক জনাব মোঃ মনিরুজ্জামান, মহাব্যবস্থাপকবৃন্দসহ অন্যান্য কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন। অতঃপর বিএইচবিএফসি'র কনফারেন্স রুমে এ দেশের মানুষের স্বপ্লদ্রষ্টা জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার শান্তি কামনা

করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এছাড়া দিনটিকে সারণীয় করে রাখার লক্ষ্যে বঙ্গাবন্ধুর উপরে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র প্রদর্শনসহ কেক কেটে জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন করা হয়।

উল্লেখ্য যে, ১০ দিনব্যাপী গৃহিত কর্মসূচীর মধ্যে রয়েছে বঙ্গাবন্ধু ও বাংলাদেশ শীর্ষক আলোচনা সভা, বৃক্ষরোপন কর্মসূচী, এতিমখানায় খাদ্য বিতরণ, টুঙ্গাপাড়ায় বঙ্গাবন্ধুর সমাধিতে শ্রদ্ধা নিবেদন, কৃতি ছাত্র-ছাত্রীদের মাঝে বঙ্গাবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী গ্রন্থ বিতরণসহ বঙ্গাবন্ধু ও বাংলাদেশ শীর্ষক বক্তব্য প্রতিযোগিতা, ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষ্যে ভার্চুয়াল আলোচনা সভা এবং ২৬ মার্চ অন্যান্য আনুষ্ঠানিকতাসহ জাতীয় স্মৃতি সৌধ ও ৩২ নম্বর জাতির পিতা বঙ্গাবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন।